ভোরের কাগজ

9/৬/2007

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১০ কলাম ... ৬ ......

# ঢা.বি অচল হয়েই আছে

## ৮ সদস্যের নতুন কমিটি ছাত্র সংগঠনগুলোর সঙ্গে বসছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ডাকা লাগতার ধর্মঘটের পরিপ্রেক্ষিতে সৃষ্ট অচলাবস্থা নিরসনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৮ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা, আরো দুদিনের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। আজ শনিবার এবং আগামীকাল রোববারের সকল পরীক্ষা বন্ধের ঘোষণা দিয়েছেন কর্তৃপক্ষ।

এদিকে ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘট আজ সপ্তম দিনে পড়েছে। ধর্মঘটের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা, ক্লাসসহ সমস্ত কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় এক প্রকার অচল হয়ে পড়েছে।

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের এক জরুরি সভায় গতকাল ক্যাম্পাসে বর্তমানে উদ্ভূত পরিস্থিতি উত্তরণের লক্ষ্যে ক্যাম্পাসে ক্রিয়াশীল সকল ছাত্র সংগঠনের সঙ্গে আলোচনা করে সমস্যাসমূহ চিহ্নিত ও সমাধানকল্পে ৮ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। উপাচার্য এ কে আজাদ চৌধুরীকে সভাপতি করে গঠিত হওয়া এই কমিটির অন্য সদস্যরা হলেন- অধ্যাপক মোঃ শাহাদাত আলী, অধ্যাপক কাজী শহীদুল্লাহ, অধ্যাপক আ ফ ম ইউসুফ হায়দার, শরিফ উল্লাহ ভুঁইয়া, মহব্বত আলী, বিচারপতি কে এম সোবহান এবং এ কে এম নূর-উন-নবী।

কমিটি আজ সকাল ১১টায় ছাত্রলীগ নেতৃবৃন্দের সঙ্গে, দুপুর ১২ টায় ছাত্রদল নেতৃবৃন্দের সঙ্গে এবং দুপুর ১টায় গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দের সঙ্গে এবং পর্যায়ক্রমে সকল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করবেন।

এদিকে আলোচনায় বসার ব্যাপারে ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দীন লাল্টু বলেন, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছ থেকে আমরা চিঠি পেয়েছি। তিনি বলেন, নীতিনির্ধারণী কমিটির সদস্যদের সঙ্গে আলোচনা করে আমরা এ ব্যাপারে সিদ্ধান্ত নেবো।